



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০১৩.৯৯.০০৬.২০-১৬

তারিখ: ৩০/১১/২০২০ খ্রিঃ

বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯-এর আওতায় তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র: জনাব মোঃ মাহমুদুল ইসলাম হতে প্রাপ্ত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মাহমুদুল ইসলাম, পিতা: মোঃ আব্দুল মোতালিব, মাতা: ফাতেমা খাতুন, বর্তমান/স্থায়ী ঠিকানা: মশাখালী, গফরগাঁও, ময়মনসিংহ তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে চাহিত তথ্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ১ (এক) পাতা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম : জাহানারা বেগম
পদবী : যুগ্মসচিব (বাজেট)

জনাব মোঃ মাহমুদুল ইসলাম
পিতা: মোঃ আব্দুল মোতালিব
মাতা: ফাতেমা খাতুন
বর্তমান/স্থায়ী ঠিকানা: মশাখালী, গফরগাঁও, ময়মনসিংহ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, তথ্য কমিশন, এফ -৪/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।

তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্য


ক) ১টি পঁচতারকা আবাসিক হোটেলে ৩টি/ অধিক রেস্টুরেন্ট থাকা বাধ্যতামূলক, এজন্য কি বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-৩২৬ মতে ৩টি/ অধিক লাইসেন্স নিতে হবে?

উত্তর: বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা ২ এর উপধারা ২১, ৪১, ৬১ ও ধারা-৩২৬ অনুসারে এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি ৩৫৪ মোতাবেক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে বিভিন্ন প্রতিষ্ঠানের লাইসেন্স গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে লে-আউট প্ল্যান অনুমোদন নেয়ার বাধ্যবাধকতা রয়েছে। উল্লিখিত বর্ণনার আলোকে পঁচতারকা হোটেল পরিচালনার ক্ষেত্রে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে বেকারী, লন্ড্রি ও কিচেন বিভাগের জন্য পৃথক পৃথক কারখানা লাইসেন্স প্রদানের প্রচলন রয়েছে। এছাড়াও পঁচতারকা হোটেল-এর জন্য বাণিজ্যিক প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদানেরও প্রচলন রয়েছে। সুতরাং পঁচতারকা হোটেলের ক্ষেত্রে উল্লিখিত লাইসেন্সগুলো গ্রহণ করার আবশ্যিকতা রয়েছে।

খ) একটি পঁচতারকা আবাসিক হোটেলে লন্ড্রি, ৪টি সভাকক্ষ, ব্যাংকুয়েট হল, পার্কিং, জিমনেসিয়াম, সূনা বাথ, স্টিম বাথ, স্পা, সুইমিং পুল, গল্ফ ক্লাব, ভলিবল, বাসকেট বল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, লন টেনিসসহ আরো বিভিন্ন সেবা প্রদান করা হয়, এজন্য আলাদা আলাদা বিভাগে শ্রমিক নিযুক্ত করা হয়। এই সকল প্রতিটি সেবা থেকে আয় হয় এবং ১টি টিন সনদ, ১টি ভ্যাট সনদ খাতে হিসাব জমা দেয়া হয়। এখন আমার প্রশ্ন, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-৩২৬ ও বিধিমালা অনুসারে একটি পঁচতারকা আবাসিক হোটেলের জন্য একটি শিল্প/বাণিজ্য লাইসেন্স নিতে হবে? নাকি যতগুলি সেবা থেকে আয় হয় ততগুলি লাইসেন্স নিতে হবে?

উত্তর: একই মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত সেবাসমূহ একটি নির্ধারিত আজিনার মধ্যে অবস্থিত হলে সেক্ষেত্রে সেবাগুলো উল্লেখপূর্বক একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের লাইসেন্স গ্রহণের মাধ্যমে পঁচতারকা হোটেলের বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। তবে উল্লিখিত সেবাগুলো পৃথক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালনার ক্ষেত্রে আবশ্যিকভাবে পৃথক পৃথক লাইসেন্স গ্রহণ করতে হবে।

“তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীনে এই তথ্য সরবরাহ করা হইয়াছে।”


৩০/১১/২০১৬
জাহানারা বেগম
যুগ্মসচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার